গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
খোকসা, কুষ্টিয়া।
bbs.khoksa.kushtia.gov.bd

স্মারক নং-৫২.০১.৫০৬৩.০৬.৬০০.০২৮.১০- ২৪

তারিখ: ০৯/০১/২০২০ খ্রি:
২৫/০৯/১৪২৬ বং:

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র কুষ্টিয়া জেলার খোকসা উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের সংস্থান অনুযায়ী | ১) নূন্যতম স্নাতক পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৫-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/ গণনাকারী | প্রকল্পের সংস্থান অনুযায়ী | ১) নূন্যতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২০-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

বি:দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি' র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলী:**

১) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।

২) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্ট ফোন রয়েছেএবং স্মার্ট ফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন ।

৩) **অন্য কোন পেশায় নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।**

৪) প্রয়োজনে নিজের মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য ওয়ার্ড/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।

৫) ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ন হতে হবে ।

৬) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। **একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।**

৬) সকল পদের আবেদন ফরম **আগামী ২০/০১/২০২০ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, খোকসা, কুষ্টিয়া** সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

৭) প্রার্থীদের নির্বাচনী পরিক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

৮) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯) খামের উপরে পদের নাম, ইউনিয়ন ও মৌজার নাম লিখে জমা দিতে হবে।

**অন্যান্য তথ্যাবলী:**

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.khoksa.kushtia.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয় থেকেও সংগ্রহ করা যাবে।

২) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগনকে (৫০%) অগ্রাধিকার প্রদান করা হবে।

৩) লিস্টিং অপারেশনে নিয়োজিত কর্মীগণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মূল শুমারিতেও গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৪) লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে এবং পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট এ প্রকাশ করা হবে।

৫) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।

৬) মুল শুমারির জন্য চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।

৭) **উত্তীর্ণ প্রার্থীগণকে নিজ নিজ মৌজা/মহল্লা/গ্রামে সুপারভাইজার, তালিকাকারী/গণনাকারী হিসাবে নিয়োগ প্রদান করা হবেএবং নিজ এলাকা ছাড়া অন্য এলাকায় সুপারভাইজার, তালিকাকারী/গণনাকারী হিসাবে নিয়োগ প্রদান করা হবে না।**

৮) নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯-০১-২০২০
(মৌসুমী জেরীন কান্তা)
উপজেলা নির্বাহী অফিসার
খোকসা, কুষ্টিয়া
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি

ছবি

# আবেদন ফরম

ফরম নং-____________

**পদের নাম: গণনাকারী/সুপারভাইজার (নির্দিষ্ট পদের উপর টিক চিহ্ন (√) দিন)** (অফিস কর্তৃক পূরণীয়)

**(শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্বহস্তে পূরণ করুন)**

১. প্রার্থীর নাম : ইংরেজি বড় অক্ষরে : ____________

২. পিতার নাম : ইংরেজি বড় অক্ষরে : ____________

৩. মাতার নাম : ইংরেজি বড় অক্ষরে : ____________

৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)
- C/O : ____________
- HOLDING NO : ____________
- VILL/MAHALLA : ____________
- PO : ____________
- UPAZILA/THANA : ____________

৫. জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) : ____________

৬. জন্ম নিবন্ধন নম্বর (NID না থাকলে) ইংরেজিতে ____________

৭. জন্ম তারিখ (ইংরেজিতে) : ____________

৮. যে মহল্লা/গ্রামে কাজ করতে আগ্রহী : ____________

৯. শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) : ____________

১০. মোবাইল নম্বর (ইংরেজিতে) : ____________

১১. নিজস্ব স্মার্ট ফোন আছে কিনা? (বাম পার্শ্বে টিক চিহ্ন দিন) হ্যাঁ / না

উত্তর হ্যাঁ হলে
আপনার ফোনের Android Verson:.......,
আপনার ফোনের স্ক্রীন সাইজ...........ইঞ্চি

১২. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | ০ | ১ | ২ | ০ | ২ | ০ |

____________
প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি।
ঘ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
ঙ) জেলা/উপজেলা/থানা পরিসংখ্যান অফিসের কর্মকর্তা/ জোনাল অফিসার কর্তৃক অভিজ্ঞতার সনদ।

09-01-2020